মুজিবনগরে মৎস্য সপ্তাহ-২০২৩ এর উদ্বোধন

“নিরাপদ মাছে ভরবো দেশ গড়বো সোনার বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১০টায় মুজিবনগর উপজেলা প্রশাসন ও মৎস্য অধিদপ্তরের আয়োজনে মুজিবনগর উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের হয়ে ভবের পাড়া মোড় প্রদক্ষিণ করে পুনরায় উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়।পরে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষনা করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র উপেজলা মৎস্য অফিসার গোলাম সরোয়ার, উপেজলা স্বাস্থ্য কমপ্লেক্স আরএমও তৌফিক আহাম্মেদ, উপজেলা সমবায় অফিসার জহুরুল আমিন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাশরুব আলম,মুজিবনগর
সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম, আওয়ামী মৎস্যজীবী লীগ সভাপতি মহসিন আলী প্রমুখ।

অনুষ্ঠান শেষে উপজেলার ৩জন সফল মৎস্য চাষীকে পুরস্কৃত করা হয। অনুষ্ঠান পরিচালনা করেন ফিল্ড এ্যাসিস্ট্যান্ট ফজলুল হক।

মেহেরপুরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

নিরাপদ মাছে ভরবে দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ, এই প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষে বর্ণাঢ্য র্যালী

ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

আজ মঙ্গলবার (২৫ জলাই) সকালে জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের নেতৃত্বে র্যালীটি মেহেরপুর পাবলিক লাইব্রেরী চত্বর থেকে শুরু করে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে গিয়ে শেষ হয়।

র্যালীতে অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) আব্দুল কাদির মিয়া, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা মৎস্য কর্মকর্তা রোকনুজ্জামান, সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জাকির হোসেনসহ বিভিন্ন শ্রেনী পেশার লোক র্যালীতে অংশগ্রহণ করেন।

পরে জেলা প্রশাসক শামীম হাসান ভৈরব নদে মাছের পোনা অবমুক্ত করেন। এসময় জেলা মৎস্য অফিসার রোকনুজ্জামান সহ অন্যরা উপস্থিত ছিলেন।

মিরপুরে ‘জাতীয় মৎস্য সপ্তাহ’ উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা

কুষ্টিয়ায় ‘জাতীয় মৎস্য সপ্তাহ -২০২৩’ উপলক্ষ্যে মৎস্য বিভাগের উদ্যোগে র্যালি, আলোচনা সভা এবং মৎস্য চাষীদের মধ্য পুরস্কার বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তন র্যালি শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মিন্টু বিশ্বাসের সভাপতিত্বে ও উপজেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ শরীফের পরিচালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, মহিলা ভাইস চেয়ারম্যান মর্জিনা খাতুন, দিশা সংষ্থার সহকারী পরিচালক এনামুল হক সালাম, উপজেলা সমাজসেবা

কর্মকর্তা জামশেদ আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নরুল ইসলাম নান্নু, পোড়াদহ মৎস্য বীজ খামারের ব্যবস্থাপক জগদ্বীশ চন্দ্র পাল প্রমুখ।

বক্তারা বলেন, মাছ আমাদের দেশে প্রাণিজ আমিষের প্রধান উৎস। হাজার বছর ধরে আবহমান বাংলার সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গে মিশে আছে মাছ শব্দটি। তাই প্রবাদেও আছে- ‘মাছে ভাতে বাঙালি’। এটি শুধু প্রবাদ নয়, বাঙালির জাতীয় চেতনাও বটে। এ চেতনাকে ধারণ করেই মাছচাষি, মৎস্য বিজ্ঞানী ও গবেষক এবং সম্প্রসারণবিদসহ সংশ্লিষ্ট সবার নিরলস প্রচেষ্টায় বাংলাদেশ আজ মৎস্য সম্পদে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে।

আলোচনা সভা শেষে শ্রেষ্ঠ মৎস্য চাষীদের পুরস্কৃত করা হয়।

গাংনীতে কলারকান্দি ও কফির চারা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা

গাংনীতে দুলু শেখ নামের এক কৃষকের আড়াই বিঘা জমির কলারকান্দি ও এক বিঘা জমির কফি চারা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা।

সোমবার(২৪ জুলাই) দিবাগত রাতের কোনো এক সময় যুগিন্দা গ্রামের ব্যাঙ গাড়ির মাঠে এই ঘটনা ঘটে। কৃষক দুলু ওই গ্রামের মৃত শুকুর শেখের ছেলে।

কৃষক দুলু জানান, বছর চুক্তিতে দেড় বিঘা জমি ৫০ হাজার টাকায় লিজ নেন। এক লাখ ৫০ হাজার খরচ করে জমিতে এক হাজার কলাগাছ রোপন করেন। চার লাখ টাকার বিক্রয়ের আশা নিয়েছিলেন। রাতের আঁধারে কে বা কারা চার শতাধিক কলার কান্দি ও এক বিঘা জমির কপি গাছ কেটে দেয় দূর্বৃত্তরা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ করেনি লিখিত অভিযোগ পেলে

ব্যবস্থা নেয়া হবে।

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা

প্রতিবছরের ন্যায় এ বছরেও গতকাল সোমবার জুলাই হতে ৩০ শে জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপিত হবে। এ উপলক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

” নিরাপদ মাছে ভরবো দেশ,গড়বো স্মার্ট বাংলাদেশ” এই স্লোগান বাস্তবায়নই এ বছরের মৎস সপ্তাহের মূল প্রতিপাদ্য বিষয় সামনে রেখে মৎস্য সপ্তাহ পালিত হবে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে জাতীয় মৎস্ সপ্তাহ পালনে উপজেলার মৎস্যচাষি, মৎসজীবী, আড়ৎদার, মৎস ব্যবসায়ীসহ সাংবাদিকদের সাথে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তা (অঃদাঃ) মোঃ রাজিউল ইসলাম জানান,মাইকিং এর মাধ্যমে প্রচারণা,সড়ক র্যালি,উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা, স্থানীয় পর্যায়ে সফল মাছচাষী ব্যক্তি, উদ্যোক্তা,

প্রতিষ্ঠানকে মৎস পুরস্কার প্রদান, উপজেলার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের জলাশয়ে মাছ অবমুক্ত কারণ, প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষী ও মৎসজীবিদের সাথে মতবিনিময়, মৎস্য চাষীদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, পানির ভৌত রাসায়নিক পরীক্ষা, মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগত সাফল্য বিষয় নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন,উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা ছাড়া, জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠিত হবে।

মতবিনিময়ে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা মৎস কর্মকর্তা মোঃ রাজিউল আহাম্মদ, অফিস সহকারী মোঃ বেলাল হোসেন,ক্ষেত্র সহকারী এন এ টি পি মোঃ হাবিবুর রহমান, লিফ মোঃ মারুফুল বিশ্বাস অরুপ,

আলমডাঙ্গা উপজেলা প্রেস ক্লাবের সভাপতি নাহিদ হাসান, সাধারণ সম্পাদক এন এইচ শাওন, সাংবাদিক শরিফুল ইসলাম রোকন, তানভীর সোহেল, রানা আহমেদ, মৎস চাষী ও মৎস্যজীবী হোসেন, হেলাল,বাবু, সম্রাট, আসিফ, মারুফুল ইসলাম, রানা, আসাদ, পলান, মনিরুজ্জামান প্রমূখ

গাংনীতে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে মতবিনিময় সভা

‘নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ’ প্রতিপাদ্য নিয়ে উপজেলা মৎস্য চাষ উন্নয়ন কমিটি ও গণমাধ্যমকর্মীদের সাথে মতবিনিময় সভার মধ্যে দিয়ে মেহেরপুরের গাংনীতে মৎস্য সপ্তাহ-২০২৩ এর উদ্বোধন করা হয়েছে।
আজ সোমবার (২৪ জুলাই) সকাল সাড়ে ১০ টার সময় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষে গাংনী প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমানের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, জাতীয় সংদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতু, গাংনী উপজেলা সমাজ সেবা অফিসার আরশাদ আলী, পল্লী উন্নয়ন অফিসার শাহ আলম, গাংনী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, যুব উন্নয়ন অফিসার আসাদুজ্জামান প্রমুখ।
মতবিনিময় সভার শুরুতে মৎস্য সপ্তাহের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে শুভেচ্ছা বক্তব্য রাখেন, উপজেলা মৎস্য অফিসার খোন্দকার শহিদুর রহমান।

মৎস্য সম্পদের সুরক্ষা ও সমৃদ্ধি অর্জনে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহিত কার্যক্রম বিষয়ে মতবিনিময় করা হয়। এসময় মৎস্য সপ্তাহের কর্মসূচি ঘোষনা করেন।
কর্মসূচির মধ্যে রয়েছে, মৎস্যচাষে উদ্বুদ্ধ করতে ব্যাপক প্রচার প্রচারণা, মাছের পোনা অবমুক্তকরণ, মাছ উৎপাদনে করণীয় বিষয় নিয়ে

বক্তব্য উপস্থাপন করা হয়।
এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম , সাংবাদিক মাজেদুল হক মানিক প্রমুখ।

উপজেলা মৎস্য বিভাগের কর্মকর্তা-কর্মচারীসহ সভায় গাংনী উপজেলা মৎস্য চাষ উন্নয়ন কমিটির সদস্যবৃন্দ এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমের উদ্বোধন

ভৈরদ নদে গোভীপুর অংশে পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

শনিবার (২২ জুলাই) সকালে মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মাছের পোনা উপমুক্ত করে পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক লিউজা-উল জান্নাহ, জেলা মৎস্য কর্মকর্তা রোকনুজ্জামান, সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মো জাকির হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমে ভৈরব নদের গোভীপুর থানার ঘাট ব্রিজ থেকে গোভীপুর মাদ্রাসা পযন্ত পরীক্ষামূলকভাবে সমিতির মাধ্যমে মাছ চাষ করা হবে। নেটিং পদ্ধতির এই মাছ চাষে ভৈরব নদের কচুরিপানা পরিষ্কার করা থেকে শুরু করে সমস্ত ব্যায়ভার সমিতি করবে। এক্ষেত্রে সরকারকে কোন রাজস্ব দিতে হবে না।পরীক্ষামূলকভাবে এই অংশে যদি সুফল বয়ে আনে তাহলে ভৈরব নদের পুরো অংশে একই পদ্ধতিতে মাছ চাষ করা হবে বলে জানানো হয়।

মেহেরপুর জেলা প্রশাসন ও মৎস্য অধিদপ্তরের উদ্যোগ ভৈরব নদে পেন কালচারের মাধ্যমে সমাজ ভিত্তিক মাছ চাষ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

কোটচাঁদপুর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্স পরিদর্শনে ৪২ জন শিক্ষার্থী

খুলনা বিশ্ববিদ্যালয়ের ৪২ জন ছাত্র /ছাত্রী পরিদর্শন করলেন,কোটচাঁদপুর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্স। এ সময় তারা ফিস হ্যাচারী ম্যানেজমেন্টের উপর করেন ব্যবহারিত ক্লাস,প্রশিক্ষন নেন হাতে -কলমে। হ্যাচারি কমপ্লেক্সে আসতে পেরে উচ্ছাস প্রকাশও করেছেন ওই শিক্ষার্থীরা।

জানা যায়,খুলনা বিশ্ববিদ্যালয়ের ফিসারিজ বিভাগের ৪২ জন ছাত্র/ছাত্রী শনিবার পরিদর্শনে আসেন,কোটচাঁদপুর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্স।

এ সময় ওই শিক্ষার্থীরা ফিস হ্যাচারী ম্যানেজমেন্টের উপর করেন ব্যবহারিক ক্লাস। হাতে-কলমে নেন প্রশিক্ষন। প্রশিক্ষনার্থী চৈত্রি রানী মন্ডল ও নবরিতা রায় বলেন,এটি বাংলাদেশের কেন্দ্রীয় মংস্য হ্যাচারী কমপ্লেক্স। ফিসারিজে ভর্তি হবার পর এ হ্যাচারীর গল্প শুনেছি। আজ স্বচক্ষে দেখলাম। সব কিছু দেখে অনেক ভাল লাগলো।

এখানে এসে কি শিখলেন,এমন প্রশ্নে শিক্ষার্থীরা বলেন, এতদিন আমরা বইয়ে পড়েছি। হাতে কলমে শেখার জন্য আসলাম। এখানে এসে জানতে পারলাম, মেল আর ফিমেল মাছ চেনার উপায়। মাছ থেকে কিভাবে ডিম সংগ্রহ করতে হয়। সেই ডিম থেকে কিভাবে রেনু হয়। আর কিভাবে রেনু গুলো বাজার জাত করা হয়।

তারা বলেন, দিনশেষে আজকের দিনটা সারা জীবনের জন্য মনে রাখারও মত একটা দিন।

এ ছাড়া হ্যাচারী ম্যানেজার আশরাফুল ইসলামের প্রশিক্ষন আমাদের মুগ্ধ করেছে। চোখ খুলে দিয়েছেন সামনে দিনে এগিয়ে যাবার।

শিক্ষার্থী আরো বলেন,আমরা আরো বেশি খুশি হয়েছি, আশরাফুল ইসলাম কে দেখে। কারন তিনি খুলনা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। ওনাকে এ পর্যায় দেখে ফিসারিজে পড়ার আগ্রহটা আরো বেড়ে গেছে আমাদের।

এ সময় উপস্থিত ছিলেন,ওই বিশ্ববিদ্যালয়ের প্রফেসর খন্দকার আনিসুল হক,সহযোগী অধ্যাপক শাহিন পারভেজ, কোটচাঁদপুর হ্যাচারী কমপ্লেক্সের প্রশিক্ষক কর্মকর্তা রবিউল আওয়াল মন্ডল, কোটচাঁদপুর কেন্দ্রীয় মৎস্য হ্যাচারী কমপ্লেক্সের ম্যানেজার আশরাফুল ইসলাম।

মেহেরপুরে কৃষি খামার শ্রমিকদের ১৩ দফা বাস্তবায়নের দাবীতে মানববন্ধন

মেহেরপুর বীজ উৎপাদন খামার-বিএডিসি বারাদীতে কৃষি ফার্ম শ্রমিক ইউনিয়নের ১৩ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে র্যালি ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২১ জুলাই) সকালে বারাদী বীজ উৎপাদন খামার প্রাঙ্গনে কর্মসূচির সুচনা করা হয়। দশ দিন ব্যাপী এই কর্মসূচিটি ২১ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত কেন্দ্র ঘোষিত এই কর্মসূচি পালন করা হবে।

শ্রমিকদের বেতন বৃদ্ধি, চাকুরি নিয়মিতকরণ এবং বাৎসরিক দুইটি উৎসব ভাতা প্রদান সহ ১৩ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসাবে বারাদী খামারের তালিকাভুক্ত শ্রমিকরা এ কর্মসূচি পালন করেন। দশ দিনব্যাপী কর্মসূচির তালিকায় আছে খামার ও কেন্দ্র সমূহের অফিসের সামনে মিছিল, মিটিং, অবস্থান কর্মসূচী, মানববন্ধন, অনশন ও র্যালী।

বারাদী কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সভাপতি আলতাফ হোসেন বলেন, ‘কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে দাবী আদায়ের লক্ষ্যে দশ

দিনব্যাপী আমাদের কার্যক্রম অব্যাহত থাকবে।’

বাংলাদেশ কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক গোলাম সারোয়ার বলেন, ‘কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বেশ কিছু প্রতিষ্ঠান সরকারি সকল সুবিধা পেলেও কৃষি খামার শ্রমিকেরা সকল প্রকার সুযোগ সুবিধা থেকে বঞ্চিত। কৃষি ফার্ম শ্রমিকদের ক্ষেত্রে সরকারি কোন নীতিমালা বাস্তবায়ন করা হচ্ছে না।মএকই প্রতিষ্ঠানে দীর্ঘদিন কাজ করেও শ্রমিকদের বেতন বাড়ে না, তাদের নিয়োগ নিয়মিত করণ করা হচ্ছে না। সরকারি কর্মকর্তাদের ইচ্ছামাফিক শ্রমিক ছাটাই ও নিয়োগ চলছে।’

এ সময় আরও বক্তব্য রাখেন শ্রমিক নেতা শাহাবুদ্দিন, আব্দুর রশিদ, মিঠুন আলী, সাবিরুল ইসলাম প্রমুখ।

চুয়াডাঙ্গায় কিশোর কিশোরী ক্লাবের বৃক্ষরোপণ কর্মসুচি পালন

“গাছ লাগান, পরিবেশ বাঁচান ” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর কিশোরী ক্লাবের সাধারণ সম্পাদক সাব্বির আহমেদ আকাশের নেতৃত্বে গাছ লাগানো কর্মসুচি পালন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল চারটায় চুয়াডাঙ্গা রাহেলা খাতুন গার্লস একাডেমির মাঠ প্রাঙ্গনে গাছ লাগানো হয়। গাছ লাগানো কর্মসুচি শুভ উদ্বোধন করেন, চুয়াডাঙ্গা পৌর ৪ নং ওয়ার্ডের কাউন্সিলর মাফিজুর রহমান মাফি। ফলজ, ঐষধি, বনজ গাছ।

এই কর্মসুচিতে এই গাছগুলো লাগানো হয়। কৈশোর কর্মসুচির আওতায় আয়োজনে ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর কিশোরী ক্লাব ও ওয়েভ ফাউন্ডেশন।

বৃক্ষরোপন কর্মসুচিতে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা

কিশোর কিশোরী ক্লাবের উপদেষ্টা শেখ লিটন, প্রচার প্রকাশনা সম্পাদক মনিরুল ইসলাম, মেন্টর শুভ, রাতুল, রিয়া, তথ্য ও প্রযুক্তি সম্পাদক মায়মুনা, প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার কানিজ সুলতানা, চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর কিশোরী ক্লাবের সদস্যবৃন্দ।